# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৩০

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ মানুষের জন্য আবশ্যক হলো যখন সে সাদাকাহ করবে, তখন সে দুরের লোকদের আগে প্রথমে নিকটবর্তী লোকদের নিয়ে শুরু করবে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ عَلَى الْمَرْءِ إِذَا أَرَادَ الصَّدَقَةَ بِأَنَّهُ يَبْدَأُ بِالْأَدْنَى فَالْأَدْنَى مِنْهُ دُونَ الْأَبْعَدِ فَالْأَبْعَدِ عَنْهُ

আরবী

3330 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا أَبُو عَمَّارٍ قَالَ: حَدَّثَنَا الْفَضْلُ بْنُ مُوسَى عَنْ يَزِيدَ بْنِ زِيَادِ بْنِ أَبِي الْجَعْدِ عَنْ جَامِعِ بْنِ شَدَّادٍ عَنْ طَارِقٍ المحاربي قال: قَدِمْتُ الْمَدِينَةَ فَإِذَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَائِمٌ يَخْطُبُ النَّاسَ وَهُوَ يَقُولُ: (يَدُ الْمُعْطِي الْعُلْيَا وَابْدَأْ بِمَنْ تَعُولُ أُمَّكَ وأباك وأختك وأخاك ثم أدناك أدناك)

صحيح.

বাংলা

৩৩৩০. তারিক মুহারিবী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি মদীনায় আগমন করে দেখতে পাই আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দাঁড়িয়ে লোকদের উদ্দেশ্যে ভাষন দিচ্ছেন। তিনি বলছিলেন, “দানের হাত হলো উঁচু হাত। (দানের ক্ষেত্রে) তুমি তোমার পরিবারের লোকদের থেকে শুরু করবে; তোমার মা, তোমার বাবা, তোমার বোন এবং তোমার ভাইকে। তারপর তোমার নিকটতম ব্যক্তিকে। অতঃপর তোমার নিকটতম ব্যক্তিকে।”[1]

ফুটনোট

[1] নাসাঈ: ৫/৬১; দারাকুতনী: ৬৫২৮; আত তায়ালিসী: ১২৫৭; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/২১২; সুনান বাইহাকী: ৮/৩৪৫; মুসনাদ আহমাদ: ৩/৬৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী

রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা’লীকাতুল হিসান: ৩৩৩০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ ত্বারিক ইবনু আবদুল্লাহ আল মুহারিবী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92662

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন